নোয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়

Noakhali Science and Technology University

নোয়াখালী- ৩৮১৪, বাংলাদেশ।
ই-মেইল : infonstu@yahoo.com ওয়েবসাইট : www.nstu.edu.bd

২০১৬-১৭ শিক্ষাবর্ষে প্রথম বর্ষ স্নাতক / স্নাতক (সম্মান) শ্রেণীতে ছাত্রছাত্রী ভর্তি বিজ্ঞপ্তি

১. নোয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ে ২০১৬-১৭ শিক্ষাবর্ষে যে সকল বিভাগে ছাত্রছাত্রী ভর্তি করা হবে তার আসন সংখ্যা নিম্নরূপঃ

	বিভাগের নাম	ডিগ্রির নাম	আসন সংখ্যা (কোটা ব্যতীত)
A গ্রুপ	কম্পিউটার সায়েন্স এন্ড টেলিকমিউনিকেশন ইঞ্জিনিয়ারিং	বিএসসি (ইঞ্জিনিয়ারিং) ইন কম্পিউটার সাইন্স এন্ড টেলিকমিউনিকেশন ইঞ্জিনিয়ারিং	৫০
	এপ্লায়েড কেমিস্ট্রি এন্ড কেমিক্যাল ইঞ্জিনিয়ারিং	বিএসসি (অনার্স) ইন এপ্লায়েড কেমিস্ট্রি এন্ড কেমিক্যাল ইঞ্জিনিয়ারিং	৫৫
	এপ্লায়েড ম্যাথমেটিক্স	বিএসসি (অনার্স) ইন এপ্লায়েড ম্যাথমেটিক্স	৬০
	ইনফরমেশন এন্ড কমিউনিকেশন ইঞ্জিনিয়ারিং	বিএসসি (ইঞ্জিনিয়ারিং) ইন ইনফরমেশন এন্ড কমিউনিকেশন ইঞ্জিনিয়ারিং	৫০
	ইলেকট্রিক্যাল এন্ড ইলেকট্রনিক ইঞ্জিনিয়ারিং	বিএসসি (ইঞ্জিনিয়ারিং) ইন ইলেকট্রিক্যাল এন্ড ইলেকট্রনিক	২৫
	স্ট্যাটিসটিক্স	বিএসসি (অনার্স) ইন স্ট্যাটিস্টিক্স	৬০
B গ্রুপ	ফিশারিজ এন্ড মেরিন সায়েন্স	বিএসসি (অনার্স) ইন ফিশারিজ	৫৫
	ফার্মেসী	বি ফার্ম (প্রফেশনাল)	৫০
	মাইক্রোবায়োলজী	বিএসসি (অনার্স) ইন মাইক্রোবায়োলজী	৩০
	ফুড টেকনোলজি এন্ড নিউট্রিশন সায়েন্স	বিএসসি (অনার্স) ইন ফুড টেকনোলজি এন্ড নিউট্রিশন সায়েন্স	৩০
	এনভায়রনমেন্টাল সায়েন্স এন্ড ডিজাস্টার ম্যানেজমেন্ট	বিএসসি (অনার্স) ইন এনভায়রনমেন্টাল সায়েন্স এন্ড ডিজাস্টার ম্যানেজমেন্ট	৫৫
	বায়োটেকনোলজি এন্ড জেনেটিক ইঞ্জিনিয়ারিং	বিএসসি (অনার্স) ইন বায়োটেকনোলজি এন্ড জেনেটিক ইঞ্জিনিয়ারিং	২৫
	এগ্রিকালচার	বিএসসি (অনার্স) ইন এগ্রিকালচার	৫৫
C গ্রুপ	ইংরেজি	বিএ (অনার্স) ইন ইংলিশ ল্যাংগুয়িজ এ্যান্ড লিটারেচার	৬০
	বাংলাদেশ এন্ড লিবারেশন ওয়ার স্টাডিজ	বিএসএস (অনার্স) ইন বাংলাদেশ লিবারেশন ওয়ার স্টাডিজ	৬০
D গ্রুপ	বিজনেস এড্‌মিনিস্ট্রেশন	বিবিএ (ব্যাচেলর অব বিজনেস এড্‌মিনিস্ট্রেশন)	৩০ (বিজ্ঞান) + ৪০ (ব্যবসায় শিক্ষা) + ১০ (মানবিক) = ৮০
	ইকোনোমিক্স	বিএসএস (অনার্স) ইন ইকোনোমিক্স	৩০ (বিজ্ঞান) + ২০ (ব্যবসায় শিক্ষা) + ১০ (মানবিক) = ৬০

২. ভর্তি পরীক্ষার জন্য যোগ্যতা :

২.১) **<u>A গ্রুপের জন্য ঃ</u>** মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড / মাদ্রাসা শিক্ষা বোর্ড / কারিগরী শিক্ষা বোর্ড থেকে বিজ্ঞান বিভাগে SSC বা সমমান এবং ২০১৫ অথবা ২০১৬ সালে বিজ্ঞান বিভাগে অনুষ্ঠিত HSC বা সমমান পরীক্ষায় উত্তীর্ণ ছাত্রছাত্রীরা ভর্তি পরীক্ষায় অংশ গ্রহণের আবেদন করতে পারবে। আবেদন করার জন্য SSC বা সমমান পরীক্ষায় GPA ৩.৫ এবং HSC বা সমমান পরীক্ষায় কমপক্ষে GPA ৩.০ সহ সর্বমোট GPA ৬.৫ থাকতে হবে। তবে HSC বা সমমান পরীক্ষায় কোন বিষয়ে ছাত্রছাত্রীর C গ্রেড এর নিচে থাকলে আবেদনপত্র গ্রহণযোগ্য হবে না।

GCE "O" লেভেল পরীক্ষায় পদার্থবিজ্ঞান, রসায়ন, গণিত ও জীববিজ্ঞানসহ পাঁচটি বিষয়ে এবং "A" লেভেল পরীক্ষায় পদার্থবিজ্ঞান, রসায়ন, গণিত ও জীববিজ্ঞান এর মধ্যে যে কোন দু'টি বিষয়ে উত্তীর্ণ হতে হবে। তবে "O" লেভেল এবং "A" লেভেলের কোন বিষয়ে C গ্রেড এর নিচে থাকলে আবেদনপত্র গ্রহণযোগ্য হবে না।

<u>B গ্রুপের জন্য ঃ</u> মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড / মাদ্রাসা শিক্ষা বোর্ড / কারিগরী শিক্ষা বোর্ড থেকে বিজ্ঞান বিভাগে SSC বা সমমান এবং ২০১৫ অথবা ২০১৬ সালে বিজ্ঞান বিভাগে অনুষ্ঠিত HSC বা সমমান পরীক্ষায় উত্তীর্ণ ছাত্রছাত্রীরা ভর্তি পরীক্ষায় অংশ গ্রহণের আবেদন করতে পারবে। আবেদন করার জন্য SSC বা সমমান পরীক্ষায় GPA ৩.৫ এবং HSC বা সমমান পরীক্ষায় কমপক্ষে GPA ৩.০ সহ সর্বমোট GPA ৬.৫ থাকতে হবে। তবে HSC বা সমমান পরীক্ষায় কোন বিষয়ে ছাত্রছাত্রীর C গ্রেড এর নিচে থাকলে আবেদনপত্র গ্রহণযোগ্য হবে না।

GCE "O" লেভেল পরীক্ষায় পদার্থবিজ্ঞান, রসায়ন, গণিত ও জীববিজ্ঞানসহ পাঁচটি বিষয়ে এবং "A" লেভেল পরীক্ষায় পদার্থবিজ্ঞান, রসায়ন, গণিত ও জীববিজ্ঞান এর মধ্যে যে কোন দু'টি বিষয়ে উত্তীর্ণ হতে হবে। তবে "O" লেভেল এবং "A" লেভেলের কোন বিষয়ে C গ্রেড এর নিচে থাকলে আবেদনপত্র গ্রহণযোগ্য হবে না।

<u>C গ্রুপের জন্য ঃ</u> মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড / মাদ্রাসা শিক্ষা বোর্ড / কারিগরী শিক্ষা বোর্ড থেকে বিজ্ঞান/ ব্যবসায় শিক্ষা /মানবিক বিভাগে SSC বা সমমান এবং ২০১৫ অথবা ২০১৬ সালে বিজ্ঞান/ ব্যবসায় শিক্ষা /মানবিক বিভাগে অনুষ্ঠিত HSC বা সমমান পরীক্ষায় উত্তীর্ণ ছাত্রছাত্রীরা ভর্তি পরীক্ষায় অংশ গ্রহণের আবেদন করতে পারবে। আবেদন করার জন্য মানবিক ও ব্যবসায় শিক্ষা বিভাগের ছাত্রছাত্রীদের SSC বা সমমান পরীক্ষায় কমপক্ষে GPA ৩.০ এবং HSC বা সমমান পরীক্ষায় কমপক্ষে GPA ৩.০ সহ সর্বমোট GPA ৬.০ থাকতে হবে । বিজ্ঞান বিভাগের ছাত্রছাত্রীদেরকে SSC বা সমমান পরীক্ষায় GPA ৩.৫ এবং HSC বা সমমান পরীক্ষায় কমপক্ষে GPA ৩.০ সহ সর্বমোট GPA ৬.৫ থাকতে হবে। তবে HSC বা সমমান পরীক্ষায় কোন বিষয়ে ছাত্রছাত্রীর C গ্রেড এর নিচে থাকলে আবেদনপত্র গ্রহণযোগ্য হবে না। GCE "O" লেভেল এবং "A" লেভেল পরীক্ষায় ছাত্রছাত্রীদের ইংরেজিতে কমপক্ষে B গ্রেড থাকতে হবে, তবে কোন বিষয়ে C গ্রেড এর নিচে থাকলে আবেদনপত্র গ্রহণযোগ্য হবে না।

D গ্রুপের জন্য ঃ মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড / মাদ্রাসা শিক্ষা বোর্ড / কারিগরী শিক্ষা বোর্ড থেকে বিজ্ঞান/ ব্যবসায় শিক্ষা /মানবিক বিভাগে SSC বা সমমান এবং ২০১৫ অথবা ২০১৬ সালে বিজ্ঞান/ ব্যবসায় শিক্ষা /মানবিক বিভাগে অনুষ্ঠিত HSC বা সমমান পরীক্ষায় উত্তীর্ণ ছাত্রছাত্রীরা ভর্তি পরীক্ষায় অংশ গ্রহণের আবেদন করতে পারবে। আবেদন করার জন্য মানবিক ও ব্যবসায় শিক্ষা বিভাগের ছাত্রছাত্রীদের SSC বা সমমান পরীক্ষায় কমপক্ষে GPA ৩.০ এবং HSC বা সমমান পরীক্ষায় কমপক্ষে GPA ৩.০ সহ সর্বমোট GPA ৬.০ থাকতে হবে । বিজ্ঞান বিভাগের ছাত্রছাত্রীদেরকে SSC বা সমমান পরীক্ষায় GPA ৩.৫ এবং HSC বা সমমান পরীক্ষায় কমপক্ষে GPA ৩.০ সহ সর্বমোট GPA ৬.৫ থাকতে হবে। তবে HSC বা সমমান পরীক্ষায় কোন বিষয়ে ছাত্রছাত্রীর C গ্রেড এর নিচে থাকলে আবেদনপত্র গ্রহণযোগ্য হবে না।

GCE "O" লেভেল এবং "A" লেভেল পরীক্ষায় ছাত্রছাত্রীদের ইংরেজিতে কমপক্ষে B গ্রেড থাকতে হবে, তবে কোন বিষয়ে C গ্রেড এর নিচে থাকলে আবেদনপত্র গ্রহণযোগ্য হবে না।

২.২. বিদেশী ছাত্রছাত্রীরা সরাসরি আবেদন করতে পারবে; তবে আবেদনের সাথে প্রদত্ত সার্টিফিকেটগুলো বিশ্ববিদ্যালয়ের Equivalence Committee এর অনুমোদন সাপেক্ষে তারা ভর্তির যোগ্য বলে গণ্য হবে। এক্ষেত্রে বিশ্ববিদ্যালয় সরকারী অনুমোদন লাভের যথাযথ ব্যবস্থা গ্রহণ করবে।

৩. আবেদনের নিয়মাবলী ঃ (মোবাইল ফোনের মাধ্যমে ভর্তির আবেদন) ভর্তি পরীক্ষায় আবেদনের জন্য একটি প্রিপেইড টেলিটক মোবাইল ফোন থেকে ১৬২২২ নম্বরে SMS করতে হবে। আবেদনকারীর টেলিটক প্রিপেইড মোবাইলে পর্যাপ্ত পরিমাণ টাকা থাকলে তা থেকে ভর্তি পরীক্ষার নির্দিষ্ট ফি কেটে নিয়ে একটি **SMS এর মাধ্যমে সাথে সাথেই একটি User ID ও একটি Password জানিয়ে দেয়া হবে। এই User ID ও Password সযত্নে সংরক্ষণ করতে হবে। একবার SMS করে আবেদন করলে তা আর প্রত্যাহার করা যাবে না।**

৩.১) একটি প্রিপেইড টেলিটক মোবাইল ফোনের মাধ্যমে মেসেজ অপশনে গিয়ে **NSTU লিখে, স্পেস দিয়ে** HSC শিক্ষাবোর্ডের নামের প্রথম তিনটি অক্ষর, স্পেস দিয়ে HSC পরীক্ষার রোল নম্বর, স্পেস দিয়ে HSC পাশের সাল লিখে, স্পেস দিয়ে SSC শিক্ষাবোর্ডের নামের প্রথম তিনটি অক্ষর, স্পেস দিয়ে SSC পরীক্ষার রোল নম্বর, স্পেস দিয়ে SSC পাশের সাল লিখে, স্পেস দিয়ে কাঙ্খিত গ্রুপের কীওয়ার্ডটি লিখে, স্পেস দিয়ে মিডিয়াম অব ইন্সট্রাকশন লিখে ১৬২২২ নম্বরে SMS করতে হবে। উদাহরণ: **NSTU<space>COM<space>123456<space>2016<space>COM<space>123456<space>2014<space>A><space>BAN**। উদাহরণটি কুমিল্লা বোর্ডের। এখানে ১২৩৪৫৬ এর জায়গায় আবেদনকারীর নিজের HSC এবং SSC পরীক্ষার রোল নম্বর দিতে হবে। কেউ ২০১৫ সালে HSC পাশ করে থাকলে ২০১৬ এর জায়গায় ২০১৫ লিখতে হবে। এক্ষেত্রে A গ্রুপের কিওয়ার্ড A, B গ্রুপের কিওয়ার্ড B, C গ্রুপের কিওয়ার্ড C এবং D গ্রুপের কিওয়ার্ড D । অর্থাৎ B গ্রুপে আবেদনের জন্য A এর জায়গায় B লিখতে হবে, C গ্রুপে আবেদনের জন্য A এর জায়গায় C এবং D গ্রুপে আবেদনের জন্য A এর জায়গায় D লিখতে হবে। কোন শিক্ষার্থী ইংরেজিতে উত্তর করতে চাইলে ইংরেজি প্রশ্নপত্রের জন্য **BAN** এর স্থলে **ENG** লিখতে হবে। অন্যান্য বোর্ডের জন্য কুমিল্লা (COM) এর জায়গায় যথাক্রমে সিলেট (SYL), বরিশাল (BAR), চট্টগ্রাম (CHI), ঢাকা (DHA), দিনাজপুর (DIN), যশোর (JES), রাজশাহী (RAJ), মাদরাসা (MAD), কারিগরী শিক্ষা বোর্ড (TEC) লিখতে হবে।

৩.২) উপরের SMS টি পাঠানোর পর সকল তথ্য সঠিক হলে ফিরতি SMS এ আবেদনকারীর নাম, কাঙ্খিত গ্রুপ, ভর্তির ফি ও একটি PIN জানিয়ে সম্মতি চাওয়া হবে। তখন ১৬২২২ নম্বরে আরেকটি SMS পাঠিয়ে সম্মতি জানাতে হবে। সম্মতি জানানোর জন্য প্রথম NSTU, তারপর স্পেস দিয়ে YES, স্পেস দিয়ে PIN, স্পেস দিয়ে আবেদনকারীর যোগাযোগের জন্য যে কোন একটি মোবাইল নম্বর লিখে ১৬২২২ নম্বরে SMS করতে হবে।

উদাহরণঃ **NSTU<space>YES<space>654321<space>01XXXXXXXXX**। এখানে ৬৫৪৩২১ এর জায়গায় আবেদনকারীর নিজ নিজ PIN টি বসাতে হবে। উল্লেখ্য যে, সম্মতি জানিয়ে SMS পাঠালেই কেবল আবেদনকারীর মোবাইল ফোন থেকে ভর্তি পরীক্ষার ফি কেটে নেয়া হবে, অন্যথায় কোন ফি কাটা হবে না।

প্রতি গ্রুপের পরীক্ষা ফিস (ভ্যাটসহ) ৫৫০ টাকা।

৩.৩) "O"/"A" Level এর ক্ষেত্রে আবেদনকারীকে উপরের নিয়ম অনুযায়ী ১৬২২২ নম্বরে SMS করতে হবে। এক্ষেত্রে বোর্ডের নামের জায়গায় GCE লিখতে হবে। উদাহরণ: **NSTU<space>GCE<space>123456<space>2016<space>A<space>ENG**। এখানে ১২৩৪৫৬ এর জায়গায় আবেদনকারীর A Level এর নিজ নিজ Candidate নম্বরটি বসাতে হবে এবং কেউ ২০১৫ সালে A-লেভেল পাশ করে থাকলে ২০১৬ এর জায়গায় ২০১৫ লিখতে হবে। একইভাবে B গ্রুপে আবেদনের জন্য A এর জায়গায় B লিখতে হবে, C গ্রুপে আবেদনের জন্য A এর জায়গায় C লিখতে হবে এবং D গ্রুপে আবেদনের জন্য A এর জায়গায় D লিখতে হবে। কোন শিক্ষার্থী বাংলায় উত্তর করতে চাইলে বাংলা প্রশ্নপত্রের জন্য **ENG** এর স্থলে **BAN** লিখতে হবে।

৩.৪) **কোটায় ছাত্রছাত্রী ভর্তি সম্পর্কিত :** নিম্নোক্ত কোটায় ভর্তিচ্ছু ছাত্রছাত্রী আবেদন করতে উপরের নিয়ম অনুযায়ী ১৬২২২ নম্বরে SMS করতে হবে। মুক্তিযোদ্ধার সন্তান কোটা: FFQ, উপজাতি কোটা: TQ, শারীরিক প্রতিবন্ধী কোটা: PDQ। উদাহরণ: **NSTU<space>COM<space>123456<space>2016<space>COM<space>123456<space>2014<space>A<space>BAN<space>FFQ**। একইভাবে B গ্রুপে আবেদনের জন্য A এর জায়গায় B লিখতে হবে, C গ্রুপে আবেদনের জন্য A এর জায়গায় C লিখতে হবে এবং D গ্রুপে আবেদনের জন্য A এর জায়গায় D লিখতে হবে। কোন শিক্ষার্থী ইংরেজি ভাষায় প্রশ্নপত্র চাইলে **BAN** এর স্থলে **ENG** লিখতে হবে।

৩.৫) **প্রবেশপত্র ডাউনলোড ঃ আবেদনকারীকে প্রবেশপত্র (Admit Card) ডাউনলোডের জন্য SMS এর মাধ্যমে জানানো হবে। প্রবেশপত্রের জন্য প্রথমে এক কপি পাসপোর্ট সাইজের রঙিন ছবি (৩০০X৩০০ পিক্সেল, সর্বোচ্চ ১০০ kb) ও আবেদনকারীর স্বাক্ষর (৩০০X৮০ পিক্সেল, সর্বোচ্চ ৬০ kb) স্ক্যান করে ২টি আলাদা ফাইল তৈরি করে রাখতে হবে। প্রবেশপত্র (Admit Card) ডাউনলোড করতে http://nstu.teletalk.com.bd ওয়েবসাইটে গিয়ে SMS এর মাধ্যমে আবেদন করার সময় প্রাপ্ত সংশ্লিষ্ট গ্রুপের User ID এবং Password ইনপুট দিতে হবে। ইনপুট সঠিক হলে ছবি ও স্বাক্ষর আপলোড করার অপশন পাওয়া যাবে। User ID এবং Password হারিয়ে গেলে** NSTU<স্পেস>HELP<স্পেস>HSC শিক্ষাবোর্ডের নামের প্রথম তিনটি অক্ষর<স্পেস>HSC পরীক্ষার রোল নম্বর <স্পেস>HSC পাসের সাল লিখে 16222 নম্বরে SMS পাঠাতে হবে।

সফলভাবে উক্ত প্রক্রিয়া সম্পন্ন হলে প্রবেশপত্র (Admit Card) প্রিন্ট অপশন পাওয়া যাবে। তখন আবেদনকৃত গ্রুপের জন্য ০২ (দুই) কপি প্রবেশপত্র (Admit Card) প্রিন্ট নিতে হবে। উক্ত ০২ (দুই) কপি প্রবেশপত্র প্রার্থী পরীক্ষার হলে নিয়ে আসবে যার ০১ (এক) কপি নিজের কাছে রাখবে এবং অন্য কপি পরীক্ষার হলে সংশ্লিষ্ট পরিদর্শকের নিকট জমা দিবে। প্রবেশপত্রে শিক্ষার্থীর নাম, রোল নম্বর, গ্রুপের চয়েস, ছবি ও স্বাক্ষর থাকবে। প্রতিটি গ্রুপের জন্য একই নিয়মে আলাদাভাবে প্রবেশপত্র (Admit Card) ডাউনলোড করতে হবে। ছবি, স্বাক্ষর আপলোড প্রক্রিয়া একবার সম্পন্ন করার পর আর পরিবর্তন করা যাবে না।

বিশেষভাবে লক্ষ্যণীয়:

ক) একটি টেলিটক মোবাইল ফোনের মাধ্যমে একাধিক আবেদন করা যাবে তবে আবেদনের দ্বিতীয় ধাপে সম্মতি জানানোর সময় যোগাযোগের জন্যে আবেদনকারীর যে কোন একটি মোবাইল ফোন নম্বর দিতে হবে।

খ) **যেকোন সময় (৬ অক্টোবর ২০১৬, রাত ১২.০০ টা পর্যন্ত) এমনকি বন্ধের দিনও আবেদন করা যাবে।**

গ) A, B, C এবং D গ্রুপের জন্য আলাদা আলাদা ভাবে SMS করে আবেদন করতে হবে।

ঘ) উপরে উল্লেখিত পরীক্ষার ফিস ভ্যাটসহ দেয়া হয়েছে এবং কোন গ্রুপে ভুলবশতঃ SMS করে আবেদন করে ফেললে তা প্রত্যাহার করা যাবে না।

ঙ) বিজ্ঞান শাখা থেকে HSC/সমমান পরীক্ষায় উত্তীর্ণ শিক্ষার্থীরা সকল গ্রুপেই (A, B, C এবং D) আবেদন করতে পারবে। অন্যরা শুধু C ও D গ্রুপে আবেদন করতে পারবে।

চ) A, B, C এবং D গ্রুপের জন্য ভিন্ন ভিন্ন মেধা তালিকা তৈরী করা হবে।

ছ) "O"/"A" Level থেকে পাশকৃত ছাত্রছাত্রীদের ভর্তি পরীক্ষার দিন GCE "O" ও "A" Level এর গ্রেড শীটের সত্যায়িত ফটোকপি অবশ্যই সঙ্গে আনতে হবে।

জ) **কোটায় ভর্তি ঃ** কোটায় ভর্তির ক্ষেত্রে (মুক্তিযোদ্ধা, উপজাতি ও শারীরিক প্রতিবন্ধী) সরকারী বিধান অনুসরণ করা হবে। কোটায় ভর্তিচ্ছু শিক্ষার্থীদের ভর্তির আবেদনের সময় অবশ্যই "OMR" শীটের নির্ধারিত ঘর পূরণ করতে হবে। পরবর্তীতে কোন আবেদন গ্রহনযোগ্য হবে না।

ঝ) **পরীক্ষার হলে কোন ইলেকট্রনিক ডিভাইস যেমন ট্যাব, মোবাইল ফোন, Calculator, Programmable ঘড়ি ইত্যাদি আনা নিষিদ্ধ।**

ঞ) **আবেদনের সময়সীমা ঃ ৮ সেপ্টেম্বর ২০১৬ থেকে ৬ অক্টোবর ২০১৬ পর্যন্ত।**

৪. **ভর্তি পরীক্ষার তারিখ ও সময় ঃ**
A গ্রুপঃ **১১ নভেম্বর ২০১৬**, সকাল ১০.৩০ টা থেকে দুপুর ১২.০০ টা পর্যন্ত।
B গ্রুপঃ **১১ নভেম্বর ২০১৬**, বিকেল ৩.০০ টা থেকে বিকেল ৪.৩০ টা পর্যন্ত।
C গ্রুপঃ **১২ নভেম্বর ২০১৬**, সকাল ১০.৩০ টা থেকে সকাল ১১.৩০ টা পর্যন্ত।
D গ্রুপঃ **১২ নভেম্বর ২০১৬**, বিকেল ৩.০০ টা থেকে বিকেল ৪.০০ টা পর্যন্ত।

৫. **ভর্তি পরীক্ষা ঃ** (পরীক্ষা MCQ পদ্ধতিতে অনুষ্ঠিত হবে)।

৬. **A গ্রুপের জন্য ঃ** বাংলা ও ইংরেজি, পদার্থবিজ্ঞান, রসায়ন, গণিত এবং জীববিজ্ঞান বিষয়ের উপর প্রত্যেকটিতে ২৫ করে ১২৫টি প্রশ্ন থাকবে। পদার্থবিজ্ঞান, রসায়ন ও গণিত প্রত্যেক পরীক্ষার্থীর জন্য অত্যাবশ্যক। বাংলা, ইংরেজি এবং জীববিজ্ঞান হতে যেকোন একটির উত্তর দিতে হবে। মোট নম্বর হবে ১০০। পরীক্ষায় পাশ নম্বর ৪০।

B গ্রুপের জন্য ঃ পদার্থবিজ্ঞান, রসায়ন, গণিত এবং জীববিজ্ঞান বিষয়ের উপর প্রত্যেকটিতে ২৫ করে ১০০টি প্রশ্ন থাকবে। মোট নম্বর হবে ১০০। পরীক্ষায় পাশ নম্বর ৪০।

C গ্রুপের জন্য ঃ বাংলা, ইংরেজি এবং সাধারণ জ্ঞান বিষয়ে পরীক্ষা হবে। মোট নম্বর হবে ১০০। ইংরেজি বিষয়ে ৫০, বাংলা বিষয়ে ২৫ এবং সাধারণ জ্ঞান বিষয়ে ২৫ নম্বর থাকবে। পরীক্ষায় পাশ নম্বর ৪০। তবে ইংরেজি বিভাগে ভর্তির জন্য ইংরেজি বিষয়ে ন্যূনতম ২৫ পেতে হবে। বাংলা ও সাধারন জ্ঞান বিষয়ের প্রত্যেকটিতে ন্যূনতম পাশ নম্বর ০৬। বাংলাদেশ এন্ড লিবারেশন ওয়ার স্টাডিজ বিভাগে ভর্তির জন্য বাংলা, সাধারন জ্ঞান এবং ইংরেজি বিষয়ের প্রত্যেকটিতে ন্যূনতম পাশ নম্বর ১২।

D গ্রুপের জন্য ঃ বিজনেস এড্‌মিনিস্ট্রেশন এবং ইকোনোমিক্স বিভাগে ভর্তি পরীক্ষায় বাংলা ২৫, ইংরেজি ২৫, সাধারণ জ্ঞান (বাংলাদেশ ও আন্তর্জাতিক প্রসঙ্গ) ২৫ সবার জন্য বাধ্যতামূলক। মানবিক বিভাগে থেকে পাশকৃত শিক্ষার্থীদের জন্য সাধারণ গণিত (মাধ্যমিক পর্যায়ের) ২৫, ব্যবসায় শিক্ষা বিভাগ থেকে পাশকৃত শিক্ষার্থীদের জন্য ব্যবসায় নীতি ও প্রয়োগ এবং হিসাব বিজ্ঞান ২৫, বিজ্ঞান বিভাগ থেকে পাসকৃত শিক্ষার্থীদের জন্য সাধারণ বিজ্ঞান ২৫। মোট নম্বর-১০০। পরীক্ষায় পাশ নম্বর ৪০।

৬.১. A, B ও D গ্রুপের পরীক্ষায় প্রত্যেক বিষয়ে ন্যূনতম পাশ নম্বর- ০৮।

৬.২. ভর্তি পরীক্ষার MCQ পদ্ধতির উত্তরপত্র বিশ্ববিদ্যালয় কর্তৃক সরবরাহ করা হবে। উত্তর পত্রে সঠিক উত্তরের বৃত্তটি কালো কালির বল পয়েন্ট কলম দিয়ে ভরাট করতে হবে। উত্তরদান পদ্ধতি প্রশ্নপত্রের 'নিদের্শাবলী' অংশে বর্ণিত থাকবে। প্রত্যেক প্রার্থীকে কেবল একটি উত্তরপত্র সরবরাহ করা হবে।

৬.৩. উচ্চ মাধ্যমিক পর্যায়ের পাঠ্যক্রমের ভিত্তিতে প্রশ্নপত্র প্রণয়ন করা হবে। (ব্যতিক্রম : D গ্রুপের মানবিক বিভাগের শিক্ষার্থীদের জন্য মাধ্যমিক পর্যায়ের সাধারণ গণিত)

৭. **ভর্তি ফিঃ** ভর্তিকালীন সময়ে একজন ছাত্র/ছাত্রীকে প্রথম টার্মের জন্য আনুমানিক ২০,০০০ (বিশ হাজার) টাকা ভর্তি ফি প্রদান করতে হবে।

৮. **মেধাস্কোর ও মেধাক্রম ঃ** ৮.১. মেধা তালিকা তৈরি করা হবে ২০০ নম্বরের ভিত্তিতে; ১. মাধ্যমিক/সমমানের পরীক্ষায় প্রাপ্ত বা হিসাবকৃত, ৪র্থ বিষয়সহ, GPA এর ৮ গুণ, ২. উচ্চ মাধ্যমিক/সমমানের পরীক্ষায় প্রাপ্ত বা হিসাবকৃত, ৪র্থ বিষয়সহ, GPA এর ১২ গুণ, এবং ৩. ভর্তি পরীক্ষায় প্রাপ্ত নম্বর।

৮.২. একাধিক প্রার্থীর মেধাস্কোর সমান হলে পর্যায়ক্রমে ভর্তি পরীক্ষার নম্বর, HSC ও SSC গ্রেড প্রাধান্য পাবে।

৮.৩. ভর্তি পরীক্ষায় কৃতকার্য ছাত্রছাত্রীদের মধ্য থেকে প্রয়োজনমতো মেধানুসারে বিষয় নির্বাচনের জন্য ডাকা হবে। আসন শূণ্য থাকা সাপেক্ষে অপেক্ষমাণ তালিকা থেকে ডাকা হবে।

৯. নির্বাচিত প্রার্থী ভর্তির দিন ভর্তি প্রক্রিয়াকরণ কমিটির আহ্বায়কের নিকট মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক বা সমমানের পরীক্ষার মূল গ্রেডশীট জমা দিতে হবে। নির্দেশিত সময়ের মধ্যে মূল গ্রেডশীট জমা দিতে ব্যর্থ হলে প্রার্থীর নির্বাচন স্বয়ংক্রিয়ভাবে বাতিল বলে গণ্য হবে। শূণ্য আসনে মেধাক্রমের পরবর্তী প্রার্থীকে বিষয়ের শর্ত পূরণ সাপেক্ষে ভর্তির জন্য নির্বাচন করা হবে। বিষয় নির্বাচনের পর ভর্তির জন্য নির্বাচিত প্রার্থীরা নির্দিষ্ট সময়ের মধ্যে ভর্তি ফি অগ্রণী ব্যাংক লিঃ, নোয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয় (নোবিপ্রবি) শাখায় জমা দিয়ে ভর্তি হবে।

১০. **গ্রুপ পছন্দের শর্ত ঃ**

বিভাগের নাম		উচ্চমাধ্যমিক/সমমান/ A লেভেলে অধীত বিষয় হতে হবে
A গ্রুপ	কম্পিউটার সায়েন্স এন্ড টেলিকমিউনিকেশন ইঞ্জিনিয়ারিং	পদার্থবিজ্ঞান, রসায়ন ও গণিত
	এপ্লায়েড কেমিস্ট্রি এন্ড কেমিক্যাল ইঞ্জিনিয়ারিং	
	এপ্লায়েড ম্যাথমেটিক্স	
	ইনফরমেশন এন্ড কমিউনিকেশন ইঞ্জিনিয়ারিং	
	ইলেকট্রিক্যাল এন্ড ইলেকট্রনিক ইঞ্জিনিয়ারিং	
	স্ট্যাটিসটিক্স	
B গ্রুপ	ফিশারিজ এন্ড মেরিন সায়েন্স	

	ফার্মেসী	পদার্থবিজ্ঞান, রসায়ন, গণিত ও জীববিজ্ঞান
	মাইক্রোবায়োলজী	
	ফুড টেকনোলজি এন্ড নিউট্রিশন সায়েন্স	
	এনভায়রনমেন্টাল সায়েন্স এন্ড ডিজাস্টার ম্যানেজমেন্ট	
	বায়োটেকনোলজি এন্ড জেনেটিক ইঞ্জিনিয়ারিং	
	এগ্রিকালচার	
C গ্রুপ	ইংরেজি	
	বাংলাদেশ এন্ড লিবারেশন ওয়ার স্টাডিজ	
D গ্রুপ	বিজনেস এডমিনিস্ট্রেশন	
	ইকোনোমিক্স	

বি.দ্র. ১. কোন পরীক্ষার্থীর বিরুদ্ধে পরীক্ষায় অসদুপায় অবলম্বনের অভিযোগ থাকলে তার পরীক্ষা বাতিল করা হবে ২. ভর্তি সংক্রান্ত নিয়মনীতির যে কোন ধারা ও উপধারা পরিবর্তন, পরিবর্ধন, সংশোধন, সংযোজন এবং পুন:সংযোজনের অধিকার ভর্তি কমিটি সংরক্ষণ করে ৩. ভর্তি পরীক্ষার সীট প্ল্যান, পরীক্ষার ফলাফল ও অন্যান্য তথ্যাবলী SMS, বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইট (www.nstu.edu.bd) এবং জাতীয় দৈনিক পত্রিকার মাধ্যমে জানতে পারবে ৪. মেধাবী ও আর্থিকভাবে অস্বচ্ছল ছাত্রছাত্রীদের জন্য বৃত্তির ব্যবস্থা আছে। ৫. আবেদন সংক্রান্ত টেকনিক্যাল বিষয়ে যোগাযোগের ঠিকানাঃ ১) জনাব মোহাম্মদ নুরুজ্জামান ভূঁইয়া,পরিচালক, আইআইটি, নোবিপ্রবি; মোবাইলঃ ০১৬১২০৩২৭৮১। ২) জনাব মোঃ কামাল উদ্দিন, চেয়ারম্যান (অতিরিক্ত দায়িত্ব), ইইই বিভাগ, নোবিপ্রবি; মোবাইলঃ ০১৭২৪২৬৮২২৩। ৩) ড. মোঃ আশিকুর রহমান খান, চেয়ারম্যান, আইসিই বিভাগ; মোবাইলঃ ০১৭৮৮৩০৫৮১১। বিশেষ প্রয়োজনে ভর্তি সংক্রান্ত অন্যান্য বিষয়ে মোবাইল নম্বর- ০১৭৬৫৫৯২৬৫৪ কিংবা infonstu@yahoo.com এ যোগাযোগ করা যাবে।

বিঃদ্রঃ অফিস চলাকালীন সময়ে (সকাল ০৯টা থেকে বিকেল ০৫ টা) যোগাযোগের জন্য অনুরোধ করা হলো।

প্রফেসর মোঃ মমিনুল হক
সচিব, ভর্তি কমিটি, ২০১৬-১৭ শিক্ষাবর্ষ
ও
রেজিস্ট্রার
নোয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়।